Semester – II

POL-H-GE-T-2 (A)

পূর্ণ পাঠ বিবরণ

Environment

Unit-4

ভারতে পরিবেশ আন্দোলন

স্বাধীনতা উত্তর ভারতে সামাজিক আন্দোলনের দীর্ঘ ঐতিহ্য জনগণের অধিকার রক্ষার উদ্দেশ্যে পরিবেশকে কেন্দ্র করে নব্য সামাজিক আন্দোলন নাগরিক সমাজের বৃহত্তর পরিসরে শুরু হয়। ভারতের পরিবেশ আন্দোলনের মূল লক্ষ্য ও উদ্দেশ্য হল পরিবেশের অবনমন ও দূষণ রোধ, মানুষ ও প্রকৃতির মধ্যে সুসামঞ্জস্য স্থাপন, প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার এবং দীর্ঘস্থায়ী টেকসই উন্নয়ন গড়ে তোলা।

ভারতে গত শতাব্দীর সত্তরের দশক থেকে পরিবেশ অবনমন ও দূষণের সমস্যা জনিত সমস্যা থেকে এবং উন্নয়ন প্রক্রিয়ার নেতিবাচক প্রভাবে পরিবেশ আন্দোলন গড়ে ওঠে। ভারতে পরিবেশ আন্দোলন কোনও না কোনও ভাবে মানুষের পরিবেশের অধিকার এর সঙ্গে সম্পর্কিত বিষয়কে তুলে ধরেছে।

আজকের ভারতবর্ষে জল-জঙ্গল-জমির জন্য সংগ্রাম শুধুমাত্র সামাজিক মুক্তির সংগ্রাম নয়, এই আন্দোলন একচেটিয়া কর্তৃত্ববাদী মালিকদের বিরুদ্ধে অধিকার আদায়ের প্রায়োগিক রাজনৈতিক চর্চা, আন্দোলনকারীরা এখানে নিজেদের বেশি পাওনার কথা বলছেন না, অর্থনৈতিক সমৃদ্ধির দাবি তুলছেন না, তাঁরা জল-জঙ্গল-জমি আর মানুষের সাথে একসাথে বেঁচে থাকার অধিকারের কথা, জীবন ধারণের এতদিনকার পরম্পরা টিকিয়ে রাখার স্বাতন্ত্র্যের কথা বলছেন।

ভারতের কয়েকটি উল্লেখযোগ্য পরিবেশ আন্দোলন হল:
১. বিশ্নোই আন্দোলন, ২. চিপকো আন্দোলন, ৩. সাইলেন্ট ভ্যালি আন্দোলন, ৪. জঙ্গল বাঁচাও আন্দোলন, ৫. আপ্পিকো আন্দোলন, ৬. নর্মদা বাঁচাও আন্দোলন, ৭. তেহরি বাঁধ নির্মাণ বিতর্ক (উত্তরাখণ্ড), ৮. মৎস্যজীবীদের আন্দোলন, ৯. জল স্বরাজ আন্দোলন।

Scanned with CamScanner

১৪৮৫ সালে পশ্চিম রাজস্থানের মারওয়াড় মরু অঞ্চলে গুরু মহারাজ জাম্বাজী (Guru Maharaj Jambaji) ভারতে বিশনোই আন্দোলন শুরু করেন অরণ্য ছেদনের বিরুদ্ধে। বিশনোইগণ ছিলেন অহিংস প্রকৃতি উপাসক। এঁদের ভারতের প্রথম পরিবেশবাদী বলা যেতে পারে।

বাস্তুতন্ত্রের দিক থেকে সমৃদ্ধ কেরালার সাইলেন্ট ভ্যালি অঞ্চলে কুন্তী নদীর ওপর জলবিদ্যুৎ প্রকল্পের বিরোধিতাকে কেন্দ্র করে সাইলেন্ট ভ্যালি আন্দোলনের সূত্রপাত। ১৯৭০ সালে কেরালায় এই আন্দোলন গড়ে ওঠে।

গত শতাব্দীর সাতের দশকে হিমালয়ের গাড়োয়াল ও কুমায়ুন-এ গুরুত্বপূর্ণ চিপকো আন্দোলন সংগঠিত হয়। চিপকো আন্দোলনের প্রধান কারণ ছিল স্থানীয় অধিবাসী ও সরকার নিযুক্ত বহিরাগত ঠিকাদারদের মধ্যে অরণ্য সম্পদের অধিকার ও ব্যবহার নিয়ে সংঘাত। উল্লিখিত অঞ্চলের গ্রামবাসীরা অরণ্যে গাছগুলিকে দুহাত দিয়ে জড়িয়ে ধরে সেগুলিকে কেটে ফেলার [illegible] থেকে রক্ষা করে।

ভারতে পরিবেশ আন্দোলনগুলির মধ্যে একটি অন্যতম দীর্ঘস্থায়ী আন্দোলন নর্মদা বাঁচাও আন্দোলন। এই বড় বাঁধটি নির্মাণের বিরোধিতা করে ১৯৮৫ সালে মেধা পাটেকর এর নেতৃত্বে এই আন্দোলন গড়ে ওঠে।

ভারতে পরিবেশ আন্দোলনগুলিতে যে সব নেতৃবৃন্দ উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন বা যে সব পরিবেশ আন্দোলনকারীর নাম পরিচিত তারা হলেন — বাবা আমতে, সরলা বেন, মীরা বেন, সুন্দরলাল বহুগুণা, চণ্ডীপ্রসাদ ভাট প্রমুখ।

আবদুল জামান নাসের